সমকাল

তারিখ ... 03. OCT. 2015 ...
পৃষ্ঠা ...২০... কলাম ...১...

মেডিকেলে পরীক্ষার দাবিতে সমাবেশ

# প্রধানমন্ত্রীকে কাল স্মারকলিপি দেবেন শিক্ষার্থীরা

■ সমকাল প্রতিবেদক

মেডিকেল ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ এনে ফল বাতিল ও পুনরায় পরীক্ষা নেওয়ার দাবিতে আন্দোলনরত ভর্তিচ্ছু শিক্ষার্থীরা আগামীকাল রোববার প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দেবেন। এ ছাড়া দাবি আদায়ে আজ শনিবার সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান, গণস্বাক্ষর কর্মসূচি, ব্যঙ্গচিত্র ও আলোকচিত্র প্রদর্শন কর্মসূচি পালন করবেন শিক্ষার্থীরা। গতকাল শুক্রবার বিকেলে রাজধানীর শাহবাগে সংহতি সমাবেশে ভর্তি পরীক্ষা বাতিল আন্দোলনের অন্যতম সংগঠক খালেদা সাইফুল্লাহ এ কর্মসূচি ঘোষণা করেন।

সংহতি সমাবেশে বক্তারা ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করে দাবি আদায় না হওয়া পর্যন্ত কর্মসূচি চালিয়ে যাওয়ার আহ্বান জানান। র‍্যাব হেফাজতে ইউজিসি কর্মকর্তার মৃত্যু নিয়ে প্রশ্ন তুলে তারা বলেন, প্রশ্নপত্র ফাঁসের ঘটনার একজন সাক্ষীকে মেরে ফেলা হয়েছে। ওই কর্মকর্তার মৃত্যু প্রমাণ করে প্রশ্নপত্র ফাঁস হয়েছে। দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা শিক্ষার্থীদের কর্মসূচিতে উপস্থিত থাকারও প্রত্যয় ব্যক্ত করেন।

পূর্ব ঘোষণা অনুযায়ী গতকাল বিকেল ৩টার দিকে মেডিকেলে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৭

## প্রধানমন্ত্রীকে কাল স্মারকলিপি

[শেষ পৃষ্ঠার পর]

নিয়ে শাহবাগ জাতীয় জাদুঘরের সামনে জড়ো হতে থাকে। প্রায় অর্ধশত শিক্ষার্থী জড়ো হওয়ার পর বিকেল সাড়ে ৩টার দিকে সংহতি সমাবেশ শুরু হয়। এতে সংহতি জানিয়ে বক্তৃতা করেন কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ, জাতীয় তেল-গ্যাস বন্দর রক্ষা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. আনু মুহাম্মদ, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ্ চৌধুরী, গণজাগরণ মঞ্চের মুখপাত্র ডা. ইমরান এইচ সরকার, গণসংহতির প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি, শিল্পী ভাস্কর রাসা, শিল্পী মাহমুদুজ্জামান বাবু, অধ্যাপক গীতি আর নাসরিন প্রমুখ।

সৈয়দ আবুল মকসুদ বলেন, প্রশ্নপত্র ফাঁস ফৌজদারি অপরাধ। ফৌজদারি অপরাধে চোর-ডাকাতের যেমন সাজা হয়, প্রশ্নপত্র ফাঁসকারীদেরও একইভাবে শাস্তি হওয়া উচিত।

র‍্যাব হেফাজতে ইউজিসি কর্মকর্তার মৃত্যু নিয়ে প্রশ্ন তুলে আবুল মকসুদ বলেন, ওই কর্মকর্তা ছিলেন অন্যতম সাক্ষী। র‍্যাব হেফাজতে তিনি গুরুত্বপূর্ণ লোকের নাম বলেছেন, যা গোপন করতেই তাকে মেরে ফেলা হয়েছে। এটা চক্রান্ত। মানুষ প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িতদের নাম জানতে চায়।

একই অভিযোগ করে ডা. জাফরুল্লাহ্ চৌধুরী বলেন, নির্লজ্জ প্রশাসন, স্বাস্থ্য অধিদপ্তর পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বলছে, প্রশ্নপত্র ফাঁস হয়নি। সরকার অন্যায়ের প্রতিবাদ করতে দিতে চায় না। প্রধানমন্ত্রী দেশে ফিরলে ঘটনার তদন্ত করে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িতদের শাস্তি দেবেন বলে আশা প্রকাশ করেন তিনি। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সমালোচনা করে অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পরিপ্রেক্ষিতে পুনরায় পরীক্ষা নেওয়া উচিত ছিল। র‍্যাব হেফাজতে ইউজিসি কর্মকর্তার মৃত্যু নিয়ে তিনিও প্রশ্ন তোলেন। ডা. ইমরান এইচ সরকার দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে তাদের সমর্থন অব্যাহত রাখার ঘোষণা দেন।

এ ছাড়া ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্র ফেডারেশন, বিপ্লবী ছাত্রমৈত্রীসহ বাম প্রগতিশীল ছাত্রসংগঠনের নেতাকর্মীরা ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সঙ্গে সমাবেশে সংহতি জানায়।

রাজশাহী ব্যুরো জানায়, রাজশাহীতে মেডিকেল শিক্ষার্থীদের মানববন্ধন কর্মসূচিতে বাধা দিয়েছে পুলিশ। গতকাল সকালে রাজশাহী মেডিকেল কলেজের সামনে মানববন্ধনের প্রস্তুতি নিতেই তাদের ব্যানার কেড়ে নেয় পুলিশ। পরে শিক্ষার্থীরা রাজশাহী মেডিকেল কলেজ শহীদ মিনারের সামনে সংক্ষিপ্ত সমাবেশ করে। সমাবেশে শিক্ষার্থীদের পক্ষে ইশতিয়াক আহমেদ আজ শনিবার মেডিকেল কলেজের সামনে আবারও মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দেন।

**সরকারি মেডিকেলে ৮০ শতাংশ শিক্ষার্থী ভর্তি সম্পন্ন :** দেশের সরকারি মেডিকেল কলেজগুলোতে গত বৃহস্পতিবার পর্যন্ত ৮০ শতাংশ শিক্ষার্থীর ভর্তি সম্পন্ন হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। অধিদপ্তরের পরিচালক (মেডিকেল শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান এ তথ্য জানিয়ে আরও বলেন, ২৯ সেপ্টেম্বর থেকে এ ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। শেষ হবে ১৭ অক্টোবর। স্বাস্থ্য অধিদপ্তর সূত্র জানিয়েছে, আগামী ৫ অক্টোবর বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হবে। ১৮ অক্টোবর থেকে ভর্তির আবেদন ফরম বিতরণ শুরু হবে। চলবে ২৭ অক্টোবর পর্যন্ত। ৩০ অক্টোবর আবেদনকারী শিক্ষার্থীদের মেধা তালিকা প্রকাশ আর ৩১ অক্টোবর থেকে ভর্তি প্রক্রিয়া শুরু হবে।